কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮- ০৮ তারিখঃ ১৬/০১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ **কৃষি বিপণন অধিদপ্তরের জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৩০ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বুলেট পয়েন্ট-এ আবশ্যিকভাবে** প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **ফেব্রুয়ারি, ২০২০ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ২৫ জানুয়ারি, ২০১৯** তারিখের মধ্যে আরইটিসি শাখায় (সফটকপি adtc@dam.gov.bd মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬.০১.২০২০
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

.......................................................................

.......................................................................

.......................................................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

## কৃষি বিপণন অধিদপ্তরের জানুয়ারি, ২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ০৭ জানুয়ারি, ২০২০ খ্রিঃ।

সময় : সকাল ১০:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ১১/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ১১/১২/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>সিদ্ধান্ত-১: ১১/১২/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার সংযোগ শাখা (বাজারদর পর্যালোচনা):**<br>ঢাকা শহরে চাল (সরু, মাঝারী ও মোটা), মসুর (দেশী), পিঁয়াজ ( দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত) এর দাম বৃদ্ধি পেয়েছে।<br><br>০৭টি বিভাগে চাল (সরু, মাঝারী ও মোটা), রসুন (দেশী ও আমদানীকৃত), পিঁয়াজ ( দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত) ও সকল প্রকার সজির দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজারদর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ১: (ক) ঢাকার সাথে লোকাল বাজারের চালসহ মূল্যের বড় ধরনের পার্থক্য থাকার কারণ নির্ণয় ও করণীয় নির্ধারণ পূর্বক উপ-পরিচালকগণ লিখিত সুপারিশ প্রদান করবেন। প্রধান কার্যালয়ের গবেষণা শাখা এর উপর প্রতিবেদন প্রস্তুত করবেন। যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), চাল (সরু, মাঝারী ও মোটা) ও সকল প্রকার সজিসহ কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার করবেন এবং পণ্য মূল্য বৃদ্ধির কারণ ব্যাখ্যাসহ যথাসময়ে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই(সকল) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | খ) সকল জেলা থেকে যেন একই ধরনের বাজারদর আসে সেটি নিশ্চিত করতে প্রধান কার্যালয় থেকে বাজারদর সংগ্রহের জন্য সাধারণ একটি ফরম তৈরী করে দিতে হবে এবং বাজারে যে পণ্য সবচেয়ে বেশি পাওয়া যায় সেটির মূল্যই দিতে হবে। যেমনঃ রুই মাছ বলতে ১-২ কেজি ওজন বিশিষ্ট রুই মাছ। | উপ-পরিচালক (বাজার সংযোগ) |
| | | গ) সকাল ৯.০০-৯.৩০ টায় বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীগণ বাজারে গিয়েছেন কিনা তাহা নিশ্চিত করতে Viber/Imo-তে কথা বলবেন এবং মাঝে মাঝে প্রধান কার্যালয়ের আইসিটি সেলে ভিডিও কল দিবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। সহকারী পরিচালক (আইসিটি)/ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | ঘ) সাপ্লাই চেইনের (কৃষক/স্থানীয় বাজার/আড়ৎ-পরিবহন-বিভাগীয়/কেন্দ্রীয় বাজার) কোন স্তরে চাঁদা দিতে হয় কিনা দিলে তার পরিমাণ এবং এর জন্য খুচরা বাজারে কত দাম বাড়ল তার তথ্য প্রদান করতে হবে। প্রয়োজনে ডিএমও/ডিএমআইগণ দদ্মবেশে এ সকল স্থান পরিদর্শন করবেন। | সহকারী পরিচালক (বাজার সংযোগ-১) |
| ৩. | বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | ১: (ক) উৎপাদন খরচ (Cost of Production) নির্ণয় পূর্বক যৌক্তিক মূল্য নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা শহরে যেভাবে যৌক্তিক মূল্য নির্ধারণ করা হয়েছে ঐ একই প্রক্রিয়ায় বিভাগ ও সকল জেলায় যৌক্তিক মূল্য নির্ধারণ করতে হবে। মূল্য যৌক্তিকভাবে নির্ণয় করা হয়েছে কিনা বিভাগীয় উপ-পরিচালকগণ দেখবেন এবং নিয়মিত তদারকি করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | খ) মৌসুম ভিত্তিক ফসলের উৎপাদন খরচ যথাযথভাবে নির্ণয় করতে হবে। কৃষক উক্তপণ্যের কত দাম পাচ্ছে এবং সর্বশেষ ভোক্তার প্রদত্ত খুচরা মূল্যের তথ্য সংকলন করে কৃষক আসলেই ন্যায্য মূল্য পাচ্ছে কি না তার সঠিক ও বিশ্বাসযোগ্য প্রতিবেদন প্রস্তুত করে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | গ) কতগুলো জেলায় নিরাপদ সবৃজির কর্ণার হয়েছে বাজারের নামসহ তার তালিকা প্রেরণ করতে হবে এবং যে সমস্ত জেলায় এখনও চালু করা হয়নি সেখানে দ্রুত নিরাপদ সব্জি কর্ণার/কৃষকের বাজার চালু করার উদ্যোগ নিতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)/ডিএমও/ডিএমআই |
| | | ঘ) কৃষি পণ্যের ব্রান্ডিং এর জন্য কি করা যেতে পারে তার রূপরেখা প্রণয়ন করতে হবে। সকল বিভাগীয় উপ-পরিচালক বিভাগ থেকে কি | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | কি পণ্য ব্রান্ডিং করা যায় তা যাচাই পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন এবং সুপারশপগুলোতে (আম, মাঠা, ইলিশ, কচুর লতি ইত্যাদি যে জেলায় যেটি বিখ্যাত সেই পণ্যের) ব্র্যান্ডিং করার উদ্যোগ নিতে হবে এবং বাজার সংযোগের ব্যবস্থা করে দিতে হবে। | (সকল)/ডিএমও/ডিএমআই |
| | | ঙ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের সাথে কথা বলে জেলায় জেলায় নিরাপদ সব্জি কর্ণার চালু করতে হবে। কর্ণারগুলোতে যাতে খাদ্যের মান নিরাপদ থাকে সেজন্য পরিদর্শন ও পরিবীক্ষণ করতে হবে এবং জেলা ভিত্তিক কয়টি সব্জি কর্ণার চালু হয়েছে সমন্বয় সভায় তার প্রতিবেদন দাখিল করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক/ ডিএমও/ডিএমআই |
| | | চ) কৃষকদেরকে কৃষকের বাজার বা নিরাপদ সবজি কর্ণারে সব্জি বিক্রয়ে উৎসাহ বা প্রেরণা দিয়ে বাজারগুলোকে জনপ্রিয় করে তুলতে হবে। এজন্য এ বিষয়ে একটি সাধারণ শ্লোগান সম্বলিত ব্যানার তৈরি করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক/ সহকারী পরিচালক (বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ)/ ডিএমও/ডিএমআই |
| | | ছ) আগামী এক মাসের মধ্যে প্রধান কার্যালয় হতে নিরাপদ সব্জির কর্ণার পরিদর্শন করতে হবে। | বিভাগীয় ও সদর দপ্তরের উপ-পরিচালক/সহকারী পরিচালক |
| ৪. | গবেষণা শাখাঃ | ১: ক) নিরাপদ সব্জি কর্ণার কার্যকরী করার জন্য সপ্তাহে একটি বিভাগের জেলা প্রশাসকগণের সাথে মহাপরিচালক মহোদয় Video Chat করবেন। এবিষয়ে বিভাগীয় উপ-পরিচালক/ডিএমও/ডিএমআইগণকে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/ডিএমও/ডিএমআই |
| | | খ) সংশ্লিষ্ট জেলাসমূহের গুরুত্বপূর্ণ কৃষি পণ্যের উৎপাদন তথ্য, আমদানী, চাহিদা ও সরবরাহ পরিস্থিতি প্রতিবেদন আকারে এবং গবেষণা শাখা সবগুলো একত্রিত করে সমন্বয় সভায় উপস্থাপন করবেন ও সকল শাখায় কপি সরবরাহ করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/উপ-পরিচালক (গবেষণা)/ডিএমও/ডিএমআই |
| | | গ) কমপক্ষে ১০টি পণ্যের আন্তর্জাতিক বাজারদর সংগ্রহ করতে হবে। প্রয়োজনে পাইকার বা অন্যান্য অংশীজনের সাথে কথা বলে আন্তর্জাতিক মূল্য নিতে হবে এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্যের সংখ্যা বাড়াতে হবে। | উপ-পরিচালক (গবেষণা) |
| | | ঘ) ধান, চাল, পিঁয়াজ, আদা, আলু, টমেটো ও দেশীয় ফলের উৎপাদন ও জমির পরিমাণসহ তথ্য, আমদানী ও রপ্তানীর তথ্য মৌসুম ভিত্তিক | উপ-পরিচালক (গবেষণা) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | সমন্বয় সভায় উপস্থাপন এবং প্রত্যেক শাখায় প্রেরণের ব্যবস্থা রাখতে হবে। | |
| | | ঙ) গুরুত্বপূর্ণ কৃষি পণ্যের বাজার মূল্যের আগাম প্রক্ষেপণ সঠিকভাবে নির্ণয় করতে হবে যাতে মন্ত্রণালয় তথা সরকারের কাছে অধিদপ্তরের গ্রহণযোগ্যতা ও ভাবমূর্তি বাড়ে। | উপ-পরিচালক (গবেষণা) |
| ৫. | আরইটিসি শাখা: | ১:(ক) নতুন-নতুন ব্যবসায়ীকে লাইসেন্সের আওতায় আনয়ন পূর্বক লাইসেন্সের সংখ্যা ও নন-ট্যাক্স রেভিনিউ আদায় বৃদ্ধি করতে হবে এবং এ জন্য মাঠ পর্যায়ে আরো সচেতনতা বৃদ্ধি করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | খ) লাইসেন্স প্রক্রিয়া সহজিকরণে অনলাইন লাইসেন্স প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| | | গ) পূর্ববর্তী আইন অনুযায়ী লাইসেন্সের বকেয়া আদায়ের জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পদক্ষেপ নিতে হবে এবং বকেয়া কেন আদায় হয়নি তার কারণ ও সুপারিশ আগামী ১৫ দিনের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | ঘ) লাইসেন্সের হালনাগাদ তালিকা প্রণয়ন করার জন্য পত্র দেয়া হয়েছিল। তালিকা প্রণয়ন করে ডাটাবেজ করতে হবে। রেজিষ্টার maintain করতে হবে এবং আগামী সমন্বয়ের পূর্বেই সরেজমিনে দেখে বাতিলযোগ্য লাইসেন্স বাতিল করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | ঙ) কৃষি বিপণন বিধিমালাতে যৌক্তিক মূল্যের ব্যাপারে সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে। | সহকারী পরিচালক (বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ) |
| | | ২:(ক) প্রতিমাসে বিভাগীয় কার্যালয়সমূহের মাসিক প্রশিক্ষণের রিপোর্ট প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | খ) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে বরাদ্দকৃত অর্থ হতে শুধুমাত্র কৃষক, কৃষি ব্যবসায়ী ও কৃষি উদ্যোক্তাদের প্রশিক্ষণ দিতে হবে। সেখানে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের বরাদ্দ হতে কোন ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা যাবে না। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সকল |
| | | গ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ)কে নিজের এলাকার শিল্প কারখানা পরিদর্শন করতে হবে এবং প্রশিক্ষণ পরিকল্পনা /ম্যানুয়েল তৈরী করে পাঠাতে হবে। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | ঘ) APA চুক্তি অনুসারে প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| | | ঙ) বিভাগীয় পর্যায় হতে কৃষক/উদ্যোক্তাসহ প্রশিক্ষণের প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | চ) ডিপিপি এবং পিপিএনবি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| | | ছ) কর্মকর্তাদের জন্য প্রতি সমন্বয় সভার পূর্বের দিন, ৩য় শ্রেণির জন্য ৩য় সপ্তাহে এবং ৪র্থ শ্রেণির জন্য ৪র্থ সপ্তাহে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| | | জ) ব্র্যান্ডিং করার জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সকল |
| | | ঝ) আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২০ তারিখের মধ্যে প্রশিক্ষণের ডাটাবেজ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সকল |
| | | ঞ) নিয়োগ বিধিমালা, APA ও শুদ্ধাচার বিষয়ে ২০ (বিশ) ঘন্টার প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| ৬. | **প্রশাসন শাখাঃ** | ক) আগামী ০২ সপ্তাহের মধ্যে গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য একটি কমিটি গঠন করে দিতে হবে এবং গবেষণা কার্যক্রমের একটা রূপরেখা প্রস্তুত করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | খ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), খুলনা-কে খুলনা বিভাগীয় কার্যালয়ে সংযুক্তি দিতে হবে এবং খুলনা বিভাগীয় অফিসের সকল প্রকার ফাইল সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এর মাধ্যমে উপস্থাপন ও নিষ্পন্ন হবে। | বিভাগীয় উপ-পরিচালক, খুলনা ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | গ) শস্যগুদাম ঋণ কার্যক্রমের আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুরকে অব্যাহতি দিয়ে মাগুরা ও শেরপুর আঞ্চলিক অফিসের আওতায় শগঋক এর গুদাম ও প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্ব বন্টন করে দিতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ঘ) বিভাগ/জেলা শহরের দৃশ্যমান স্থান বিশেষ করে জেলা প্রশাসক অফিস/ অফিস পাড়ায়/ জেলা সদর বাজারের আশে পাশে/ মেইন রোর্ডের পার্শ্বে প্রভৃতি দৃশ্যমান স্থানে জেলা অফিস স্থানান্তর করা হবে। এসব স্থানে অফিসের জন্য নতুন বাড়ি ভাড়া করতে হবে এবং | বিভাগীয় উপ-পরিচালক (সকল)/ প্রশাসন/হিসাব শাখা এবং ডিএমও/ডিএমআই (সকল) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | অফিসের ডেকোরেশন সুন্দর করতে হবে। অফিস কাম বাসা হবে না। এপ্রিল/২০২০ এর মধ্যে অফিস শিফট্ করতে হবে এবং এজন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ বাড়াতে হবে। | |
| ৭. | নীতি ও পরিকল্পনা শাখাঃ<br>০১টি নতুন প্রকল্প। | ১: (ক) নতুন প্রকল্পের সারসংক্ষেপ তৈরী করে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ জেলা বাজার কর্মকর্তার মাধ্যমে এ মাসের মধ্যেই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের ব্যবস্থা করবেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। |
| | | খ) প্রত্যেক উপ-পরিচালক স্ব স্ব এলাকা ভিত্তিক ডিপিপি/পিপিএনবি (প্রকল্প/কর্মসূচী) ৩০ নভেম্বর, ২০১৯ এর মধ্যে জমা দেয়ার সিদ্ধান্ত থাকলেও অনেকেই এখনও জমা দেন নি। যারা জমা দেননি তাদেরকে দ্রুত জমা দিতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) ও বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | গ) প্রস্তুতকৃত ভ্যালু চেইন প্রকল্পের অধীনে চট্টগ্রাম হিলট্রাকস, দোহাজারী, মিরের সরাই ইত্যাদি এলাকায় এ্যাসেম্বল সেন্টার /কোল্ড স্টোরেজ নির্মাণের ব্যবস্থা নিতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) ও বিভাগীয় উপ-পরিচালক চট্টগ্রাম । |
| ৮. | গুদাম ব্যবস্থাপনা শাখাঃ | ১. ক) শস্যগুদাম ঋণ কার্যক্রম উন্নয়ন এবং কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তিতে করণীয় বিষয় দুটিকে একত্র করে বড় আকারে একটি workshop এর আয়োজন করতে হবে। এ বিষয়ে এপ্রিল/২০২০ ০২ জন key note speaker ঠিক করতে হবে | উপ-পরিচালক (পিপি)<br>উপ-পরিচালক (শগঋক)<br>উপ-পরিচালক(আরইটিসি) |
| | | খ) শগঋকসহ SMG group, FMG group এবং সম্প্রতি শেষ হওয়া প্রকল্প/কর্মসূচীর Farmer's গ্রুপ ডাটাবেজ তৈরী করে ৩০ জানুয়ারি/২০২০ এর মধ্যে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা/ উপ-পরিচালক (বাজার সংযোগ)/ সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচী পরিচালক |
| | | গ) শগঋক কার্যক্রম জনপ্রিয়করণে/সম্প্রসারণে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কার্যক্রমের তালিকা প্রস্তুত পূর্বক অবহিত করণের জন্য মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। | উপ-পরিচালক<br>(শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। |
| | | ঘ) বাংলাদেশ ব্যাংকের জেনারেল ম্যানেজারের সাথে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক<br>(শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। |
| ৯. | হিসাব শাখাঃ | ১: (ক) বিভাগীয় উপ-পরিচালকগণ জেলা অফিসমূহ নিয়মিতভাবে মনিটরিং করবেন এবং মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | (খ) কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে কৃষকদের/উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব খাত হতে অর্থ বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব শাখা। |
| | | (গ) খুলনা ও রংপুর বিভাগ হতে জেলাওয়ারী লাইসেন্সের হালনাগাদ তথ্য জরুরী ভিত্তিতে পাঠানো নিশ্চিত করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক খুলনা ও রংপুর। |
| | | (ঘ) যে সব বিভাগের লাইসেন্সের তথ্য পাওয়া গিয়েছে সে সব তথ্য যাচাই-বাছাই করতে হবে। প্রাপ্ত তথ্যের অনেকাংশ সঠিক না হওয়ায় এতদ্‌বিষয়ে সঠিক তথ্য প্রেরণের জন্য পত্র দিতে হবে। | হিসাব শাখা। |
| | | ঙ) ৩০ জানুয়ারি/২০২০ তারিখের মধ্যে সকল লাইসেন্সের ডাটাবেজ প্রস্তুত করতে হবে এবং ডাটাবেজের একটা সাধারণ ফর্ম তৈরী করে দিতে হবে। | হিসাব শাখা ও সহকারী পরিচালক (বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ) |
| | খ) বাজেট ব্যবস্থাপনা কমিটি, Quarterly Budget Meeting, বাজেট প্রণয়ন ও বাজেট বরাদ্দ অনুসারে ব্যয় বিষয়ে আলোচনা। | ২:ক) মাসিক সমন্বয় সভার সাথে Quarterly Budget Meeting করতে হবে। | হিসাব শাখা। |
| | | খ) বাজেট ব্যবস্থাপনা কমিটি প্রত্যেক শাখার সাথে আলোচনা করে বাজেট/রিভাইজ বাজেট প্রণয়ন করবে। অন্যথায় কোন বাজেট যাবে না। | হিসাব শাখা। |
| ১০. | ICT শাখাঃ | ১: (ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)। |
| | | খ) প্রশিক্ষণ কেন্দ্র ও শগখক এর আঞ্চলিক কার্যালয়গুলোকে ই-ফাইলে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)। |
| | | গ) মন্ত্রণালয়ে কোন ফাইল হার্ড ফাইলে যাবে না। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)। |
| | | (ঘ) যে সকল জেলায় অদ্যাবধি ই-ফাইলে কার্যক্রম শুরু করা হয়নি বা ই-ফাইলে কাজের অগ্রগতি সন্তোষজনক নয় সে সকল জেলার বাজার কর্মকর্তাদের শোকজ দিতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)। |
| | | ঙ) যে সমস্ত জেলা অনলাইনে বাজারদর প্রেরণে পিছিয়ে আছে তাদেরকে নিয়মিত বাজারদর আপলোডের বিষয়ে তাগাদা দিতে হবে এবং অধিক অনিয়মকারী জেলাসমূহকে শোকজ দিতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | চ) কৃষি বিপণন অধিদপ্তরের website কে user friendly করার জন্য গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | উপ-পরিচালক (পিপি) এবং সভাপতি website user friendly করার জন্য গঠিত কমিটি |
| | | ছ) অনলাইন বাজারদর ভেরিফায়ার কমিটির কার্যপরিধিসহ ভাষাগত পরিবর্তন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)। |
| ১১. | **APA:**<br>কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি। | ১: (ক) ২০১৯-২০২০ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% কার্যাদি সম্পন্নপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ এবং প্রত্যেক সমন্বয় সভায় Soft copy সহ মাসিক অগ্রগতি উপস্থাপন করবেন। | APA ফোকাল পয়েন্ট। শাখা প্রধান (সকল)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রকল্প/কর্মসূচী পরিচালক। |
| | | (খ) ২০১৯-২০২০ অর্থবছরের APA'র বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে সংযুক্ত প্রমাণকসমূহ যেন বস্তুনিষ্ঠ হয় সে বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকগণ নিশ্চিত করবেন। | APAফোকাল পয়েন্ট। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | (গ) সিটিজেন চার্টার অনুযায়ী APA'র কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে জোর প্রচেষ্টা চালাতে হবে। | APAফোকাল পয়েন্ট/ বিভাগীয় উপ-পরিচালক (সকল)/ডিএমও/ডিএমআই |
| | | ঘ) APA চুক্তি অনুসারে শাখাসমূহের লক্ষ্যমাত্রার তথ্য প্রত্যেক শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | APAফোকাল পয়েন্ট। |
| | | ঙ) সকল জেলার ডিজিটাল সিটিজেন চার্টার অধিদপ্তরের মূল ওয়েবসাইটে লিংক করে দিতে হবে। | সিস্টেম এ্যাডমিন (আইসিটি) |
| | | চ) APA বিষয়ে বিভাগ ওয়ারী ফোকাল পয়েন্ট নির্বাচন করতে হবে। | APAফোকাল পয়েন্ট। |
| | | ছ) বিভাগীয় সমন্বয় সভায় জেলা অফিসের APA ও সিটিজেন চার্টার বিষয়ে আলোচনা করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| ১২. | **SDG** বাস্তবায়নঃ কৃষি বিপণন অধিদপ্তরে SDG বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং পরিকল্পনা প্রণয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে একটি অবহিতকরণ কর্মশালা আয়োজনের জন্য সভায় একমত পোষণ করা হয়। | (ক) SDG বাস্তবায়নের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট লক্ষ্যসমূহ সুনির্দিষ্টকরণ পূর্বক লক্ষ্য পূরণের উদ্দেশ্যে গৃহিত কার্যক্রমের তালিকা প্রস্তুত করতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| | | খ) বিভাগ/জেলা পর্যায়ে SDG বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা নিতে | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | হবে।<br><br>গ) বিভাগীয় সমন্বয় সভায় SDG বিষয়ে নিয়মিত আলোচনা অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| ১৩. | শুদ্ধাচার কৌশল: | ১: (ক) ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচর বিষয়ে পৃথক সভা অনুষ্ঠানসহ মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ১৪. | তথ্য অধিকার আইন। | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর)। |
| ১৫. | সেন্ট্রাল মার্কেট পরিচালনার জন্য জনবল নিয়োগ। | (১) সেন্ট্রাল মার্কেটের নিজস্ব আয় থেকে জনবল নিয়োগ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা। |
| ১৬. | ইনোভেশন টিম | (ক) ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>খ) APA চুক্তি অনুসারে ইনোভেশন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ইনোভেশন অফিসার। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br><br>ইনোভেশন অফিসার। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ১৭. | বিবিধ | ক) প্রত্যেক বিভাগীয় উপ-পরিচালক প্রধান কার্যালয়ের উপ-পরিচালকদের ন্যায় সমন্বয় সভায় নিজ নিজ কাজের অগ্রগতি বিষয়ে Presentation উপস্থাপন করবেন।<br><br>খ) সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রত্যেক মাসের ৩০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br><br>গ) নরসিংদীর শিবপুরে Cold Storage নির্মাণ করা যায় কিনা এ বিষয়ে আলোচনা করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br><br>বিভাগীয় উপ-পরিচালক (সকল) /উপ-পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (সকল)/ডিএমও/ডিএমআই (সকল)<br><br>উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)/বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১/২০২০

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd